দৈনিক ইনকিলাব 7 OCT. 1 1 1999

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ......

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভর্তি

এইচএসসি ও আলিম পরীক্ষার ফলাফল প্রকাশের পর উচ্চ শিক্ষায় ভর্তিচ্ছুকদের সামনে এখন ভর্তিযুদ্ধ প্রতিযোগিতা। আর এই প্রস্তুতি ও প্রতিযোগিতাকে সামনে রেখেই আজকের বিষয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে মোট পাঁচটি ইউনিট এবং ২টি ইনস্টিটিউটের মাধ্যমে স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তি করা হয়। এর মধ্যে ৫টি অনুষদ ও ২টি ইনস্টিটিউটের বিষয়গুলো হচ্ছে ঃ

ক ইউনিট ঃ এটি হচ্ছে বিজ্ঞান অনুষদ। এ অনুষদের ইউনিটভুক্ত বিষয়াবলী হচ্ছে– পদার্থ বিদ্যা, রসায়ন, গণিত, পরিসংখ্যান, উদ্ভিদ বিদ্যা, প্রাণী বিদ্যা, প্রাণ রসায়ন, অণুজীব বিজ্ঞান এবং ভূগোল বিভাগ।

ক ইউনিটের ভর্তি পরীক্ষা হবে লিখিত ১০০ নম্বরের। এতে বাংলা ১০, (আবশ্যিক), ইংরেজী ১৫ (আবশ্যিক) এছাড়া পদার্থ বিদ্যা, রসায়ন, গণিত, পরিসংখান, উদ্ভিদ বিদ্যা, প্রাণী বিদ্যা এ ছয়টি বিষয় হতে যে কোন তিনটি বিষয়ের উত্তর দিতে হবে এবং প্রতিটি বিষয়ের মান ২৫ নম্বর। এখানে উল্লেখ্য, যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সেই বিষয়সহ যে কোন দু'টি বিষয়ে উত্তর করতে হবে।

খ ইউনিট ঃ কলা অনুষদের বিষয়সমূহ হচ্ছে– বাংলা, ইরেজী, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, চারুকলা (চিত্রকলা ও নাট্যকলা) আরবী, ইসলামিক স্টাডিজ, পালি, সংস্কৃতি ও সাংবাদিকতা।

খ ইউনিটের ভর্তি পরীক্ষা মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। চারুকলা, পালি, সংস্কৃত এবং আরবী ও ইসলামিক স্টাডিজ বিষয় ছাড়া অন্যান্য বিষয়ে ভর্তিচ্ছুকদের জন্য বাংলা (আবশ্যিক) ৩০, ইংরেজী (আবশ্যিক) ৩০ এবং সাধারণ জ্ঞান ৪০ নম্বর। চারুকলা (চিত্রকলা ও নাট্যকলা) বিষয়ে ভর্তিচ্ছুদের জন্য বাংলা (আবশ্যিক) ২০, ইংরেজী (আবশ্যিক) ২০, নাট্য/শিল্পকলার ইতিহাস ২০, ব্যবহারিক ৪০ নম্বর। আরবী ও ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তিচ্ছুদের জন্য বাংলা (আবশ্যিক) ২০, ইংরেজী (আবশ্যিক) ২০, আরবী/ইসলামিক স্টাডিজ ৬০ নম্বর। পালি/সংস্কৃত বিষয়ে ভর্তির জন্য বাংলা আবশ্যিক ২০, ইংরেজী (আবশ্যিক) ২০ এবং পালি/সংস্কৃত/ঐচ্ছিক বাংলায় ৬০ নম্বর।

গ ইউনিট ঃ বাণিজ্য অনুষদের বিষয়গুলো হচ্ছে– হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এবং মার্কেটিং। এর জন্য মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। বাণিজ্য বিভাগ থেকে পাসকৃত ছাত্র-ছাত্রীদের জন্য বাংলা (আবশ্যিক) ২০, ইংরেজী (আবশ্যিক) ২০, হিসাবরক্ষণ ও হিসাববিজ্ঞান ২০, অর্থনীতি ও বাণিজ্যলিপি এন্ড ব্যাংকিং ২০ নম্বর। গণিত বিষয় নিয়ে সংস্কৃত বিজ্ঞান/মানবিক বিভাগ হতে পাসকৃত ছাত্র-ছাত্রীদের জন্য বাংলা আবশ্যিক ২০, ইংরেজী (আবশ্যিক) ২০ এবং গণিত ৬০ নম্বর। অর্থনীতিসহ মানবিক/কৃষি বিজ্ঞান বিভাগ থেকে পাসকৃতদের জন্য বাংলা (আবশ্যিক) ২০, ইংরেজী (আবশ্যিক) ২০ ও অর্থনীতি ৬০ নম্বর।

ঘ ইউনিট ঃ সমাজ বিজ্ঞান অনুষদের বিষয়সমূহ হল– অর্থনীতি, লোকপ্রশাসন, রাজনীতি, বিজ্ঞান, সমাজতত্ত্ব, নৃ-বিজ্ঞান। ভর্তি পরীক্ষায় মোট ১০০ নম্বরের মধ্যে লিখিতভাবে হবে। যে সকল প্রার্থী গণিতসহ উচ্চ মাধ্যমিক পাস করেছে তাদের জন্য বাংলা ২০, ইংরেজী ২০, সাধারণ জ্ঞান ২০ ও গণিত ৪০ নম্বর। গণিত ছাড়া পাসকৃত শিক্ষার্থীদের বাংলা (আবশ্যিক) ২০, ইংরেজী (আবশ্যিক) ২০ এবং সাধারণ জ্ঞান ৬০ নম্বরের মধ্যে উত্তর করতে হবে।

ঙ ইউনিট ঃ আইন অনুষদ-এর অধীনে শুধুমাত্র আইন বিভাগ মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় বাংলা ৩০, ইংরেজী ৫০, সাধারণ জ্ঞান ২০।

ইনস্টিটিউট অব ফরেস্ট্রি এন্ড এনভায়রন মেন্টাল সায়েন্স ঃ ফরেস্ট্রি-এর ভর্তি পরীক্ষায় মোট ২০০ নম্বরের মধ্যে বাংলা ২৫, ইংরেজী ২৫, পদার্থবিদ্যা ২৫, রসায়নবিদ্যা ২৫, উদ্ভিদবিদ্যা ২৫, প্রাণীবিদ্যা ২৫, গণিত/পরিসংখ্যান ২৫, সাধারণ জ্ঞান ২৫। প্রতিটি বিষয়ের উত্তর দিতে হবে।

সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউট ঃ সামুদ্রিক বিজ্ঞান-এর ভর্তি পরীক্ষা ১০০ নম্বরের মধ্যে বাংলা ১০, ইংরেজী ১৫, প্রাণীবিদ্যা ১৫, উদ্ভিদবিদ্যা ১৫, রসায়ন ১৫, পদার্থবিদ্যা ১০, গণিত ১০ ও সাধারণ জ্ঞান ১০।

ভর্তির যোগ্যতা ঃ ভর্তি প্রার্থীকে অবশ্যই ১৯৮৬ সাল থেকে ১৯৯৬ সালের মধ্যে মাধ্যমিক/দাখিল পাস এবং ১৯৯৮ ও ১৯৯৯ সালে নূন্যতম মাধ্যমিক/আলিম পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। জিসিই 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে সিগ্রেড এবং ১৯৯৮ বা ১৯৯৯ জিসিই 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ১টি বিষয়ে 'বি' গ্রেডে ও ২টি বিষয়ে 'সি' গ্রেডে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাও আবেদন করতে পারবে। শুধুমাত্র বিজ্ঞান, কৃষিবিজ্ঞান অথবা মানবিক বাণিজ্য শাখা থেকে ভূগোল/বাণিজ্যিক/ভূগোল/গণিত বিষয়সহ পাসকৃত প্রার্থীরাই বিজ্ঞান অনুষদে ভর্তির আবেদন করতে পারবে। যে কোন শাখা থেকে পাসকৃত ছাত্র-ছাত্রীরাই কেবলমাত্র কলা অনুষদে ভর্তির জন্য আবেদন করতে পারবে। বাণিজ্য বা মানবিক বা বিজ্ঞান/ কৃষিবিজ্ঞান শাখা থেকে উচ্চ মাধ্যমিক/সাধারণ বা বিজ্ঞান শাখা থেকে আলিম/ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরাই কেবল বাণিজ্য অনুষদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। মানবিক/বাণিজ্য/কৃষিবিজ্ঞান/গার্হস্থ্য অর্থনীতি/বাণিজ্য শাখা থেকে উচ্চ মাধ্যমিক বা সাধারণ বা বিজ্ঞান শাখা থেকে আলিম পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরাই কেবল সমাজ বিজ্ঞান অনুষদে আবেদন করতে পারবে। সামুদ্রিক বিজ্ঞান বিষয়ে ভর্তিচ্ছুদের অবশ্যই জীব বিজ্ঞানসহ উচ্চ মাধ্যমিক পাস হতে হবে। ফরেস্ট্রি বিষয়ে ভর্তিচ্ছুদের বিজ্ঞান বিভাগসহ উচ্চ মাধ্যামিক ৪র্থ বিষয় হিসেবে গণিত/পরিসংখ্যান অথবা জীববিদ্যা বিষয়ে কমপক্ষে ৪০% নম্বর থাকতে হবে। প্রতিটি ইউনিট ও ইনস্টিটিউটে ভর্তিচ্ছুদের আবেদনপত্রের সাথে মাধ্যমিক/দাখিল এবং উচ্চ মাধ্যমিক/আলিম পরীক্ষা পাসের প্রশংসাপত্রের ফটোকপি সত্যায়িত সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দের ফটোকপি। সদ্যতোলা তিনকপি পাসপোর্ট সাইজ ছবি।

ভর্তির আবেদনপত্র স্ব স্ব ইউনিট বা ইনস্টিটিউট অফিস বা অগ্রণী বাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/শহরস্থ মুজিব রোড শাখায় লিখিত ভর্তি পরীক্ষার আবেদনপত্র ২শ' টাকা প্রদান সাপেক্ষে পাওয়া যাবে। আবেদনপত্র সংগ্রহের পর স্বহস্তে পূরণের পর নির্ধারিত অফিসে জমা দিতে হবে।

❑ মুহাম্মদ শহিদুল্লাহ